তারিখ 6/10/78 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

ইত্তেফাক

126

# চিকিৎসা পুস্তক রচনা ও প্রকাশনার সমস্যা দূর করিতে সাহায্য করা হইবে

—স্বাস্থ্যমন্ত্রী

(ইত্তেফাক রিপোর্ট)

স্বাস্থ্য, জনসংখ্যা নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা মন্ত্রী প্রফেসর এ, কিউ, এম বদরুদ্দোজা চৌধুরী বলেন, চিকিৎসা বিজ্ঞানের পুস্তক রচনা ও প্রকাশনার অন্তরায় সমূহ দূর করিতে সরকার সর্বতোভাবে সাহায্য-সহযোগিতা প্রদান করিবেন।

মন্ত্রী গত বুধবার সন্ধ্যার জাতীয় গ্রন্থ কেন্দ্রের উদ্যোগে বাংলাদেশে প্রথম বারের মত আয়োজিত বাংলাদেশে চিকিৎসা বিজ্ঞানের বই রচনা ও প্রকা-

( ৫ম পৃঃ দ্রঃ )

## চিকিৎসা পুস্তক

(৩য় পৃঃ পর)

শনার সমস্যা শীর্ষক সেমিনারে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন।

প্রফেসর নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে প্রবন্ধ পাঠ করেন ডাঃ সাইদ হায়দার ও প্রফেসর এম, টি হোসেন। আলোচনায় অংশ নেন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক জনাব ফজলে রাব্বি, প্রফেসর সৈয়দা ফিরোজা বেগম, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডাঃ মোহাম্মদ সোহরাব আলী, ডাঃ শুভাগত চৌধুরী, ডাঃ মোকদ্দুর রহমান, জনাব নূরুল হুদা প্রমুখ।

সভায় বক্তাগণ অভিমত প্রকাশ করেন যে, বাংলাদেশে চিকিৎসা বিজ্ঞানের বই রচনা ও প্রকাশনার সমস্যা অনেক এবং বহুমুখী। সরকারী পৃষ্ঠপোষকতা ব্যতীত এসব সমস্যা কাটাইয়া উঠা যাইবে না। দেশে প্রকাশিত চিকিৎসা বিজ্ঞানের বইয়ের সংখ্যা মাত্র ৪০টি। তন্মধ্যে বাংলা ভাষায় রচিত হইয়াছে ১৬ টি।